



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/ ২২৩৩

তারিখ : ০৬/০৯/২০২০


সতর্কতা বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online ভর্তি-২০২০ এর ভর্তি নিশ্চায়ন বাতিল বিষয়ে প্রতারণা চক্রের প্রতারণা সম্পর্কিত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তি কার্যক্রমে নিশ্চায়ন ফি জমাকৃত শিক্ষার্থীদের নিশ্চায়ন/আবেদন বাতিল করার নামে অনলাইন ভিত্তিক কিছু প্রতারণা চক্র তাদের ওয়েবসাইটে “ভর্তি নিশ্চায়ন বাতিল” সহ নানা রকম বিভ্রান্তমূলক বিজ্ঞাপন দিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে প্রতারণা করছে। শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে এধরনের প্রতারণা চক্র হতে সাবধান থাকার জন্য সতর্ক করা যাচ্ছে। বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ব্যতিত অন্য কোন ফেইক ওয়েবসাইটের বিজ্ঞাপন হতে কোন শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে বোর্ড কর্তৃপক্ষ কোনক্রমেই এর দায় বহন করবে না।

শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: <http://www.xiclassadmission.gov.bd>

চেয়ারম্যানের আদেশক্রমে



০৬/০৯/২০২০

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১৫২৩৬ (অ)

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

